# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১১৯৯

১/ বিবিধ

আরবী

خير خلكم خل خمركم
منكر

أخرجه البيهقي في " المعرفة " من حديث المغيرة بن زياد عن أبي الزبير عن جابر
مرفوعا. وقال: المغيرة ليس بالقوي
كذا في " المقاصد الحسنة " (رقم 456)
قلت: وفيه علة أخرى وهي عنعنة أبي الزبير، فإن كان مدلسا. وقال شيخ
الإسلام ابن تيمية في " الفتاوي " (1/71)
" فهذا الكلام لم يقله النبي صلى الله عليه وسلم، ومن نقله عنه فقد أخطأ، ولكن هو
كلام صحيح، فإن خل الخمر لا يكون فيها ماء، ولكن المراد به الذي
بدأ الله بقلبه، وأيضا فكل خمر يعمل من العنب بلا ماء فهو مثل خل الخمر
قلت: وقوله: " هو كلام صحيح " ليس بصحيح عندي على إطلاقه، فإنه بظاهره يقر
اقتناء الخمر وتحويله خلا، وذلك يستفاد من قوله: " خمركم " فإنه أضاف الخمر
إلى المسلمين! وهذا منكر من القول لا يعقل أن يصدر من النبي صلى الله عليه
وسلم وهو القائل حين سئل عن اتخاذ الخمر خلا: " لا "، رواه مسلم وأبو داود، وفي
روايته: " إنها كانت لأيتام فأمر بإراقتها " ولذلك كان القول الصحيح
في تخليل الخمر: إنه لا يجوز بحال من الأحوال
قال شيخ الإسلام:" فلما أمر صلى الله عليه وسلم بإراقتها، ونهى عن تخليلها، وجبت

طاعته فيما أمر به ونهى عنه فيجب أن تراق الخمرة ولا تخلل، هذا مع كونهم كانوا يتامى
ومع كون تلك الخمر كانت متخذة قبل التحريم، فلم يكونوا عصاة
ومما سبق من التخريج يتبين أن قول ابن الجوزي في " التحقيق " (1/66) : إنه حديث لا أصل له، ليس بصواب، وإن كان عبد الهادي أقره في " التنقيح " عليه فإن تخريج البيهقي إياه يرد قولهما.
وقال العجلوني في " الكشف
وحكم ابن الجوزي عليه بالوضع كالصغاني
وفيه ما سبق، إلا أن يقصدا المعنى؛ فهو قريب

বাংলা

১১৯৯ । তোমাদের সর্বোত্তম সিরকা তোমাদের মদের সিরকা।

হাদীসটি মুনকার।

হাদীসটি বাইহাকী “আল-মা’রেফা” গ্রন্থে মুগীরাহ ইবনু যিয়াদের হাদীস হতে, তিনি আবূয যুবায়ের হতে, তিনি জাবের (রাঃ) হতে মারফূ’ হিসেবে বর্ণনা করেছেন। (বাইহাকী) বলেছেনঃ মুগীরাহ শক্তিশালী নন।

"আল-মাকাসিদুল হাসানাহ" গ্রন্থে (নং ৪৫৬) এরূপই এসেছে।

আমি (আলবানী) বলছিঃ এ হাদীসের মধ্যে অন্য একটি সমস্যা রয়েছে আর তা হচ্ছে আবুয যুবায়ের কর্তৃক আন আন করে বর্ণনা করা। কারণ তিনি মুদাল্লিস বর্ণনাকারী ছিলেন। শাইখুল ইসলাম ইবনু তাইমিয়্যাহ “আল-ফাতাওয়া” গ্রন্থে (১/৭১) বলেনঃ এ কথা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেননি। যিনি তার উদ্ধৃতিতে বর্ণনা করেছেন তিনি ভুল করেছেন। তবে কথাটা সঠিক। কারণ মদের সিরকাতে পানি থাকে না। অনুরূপভাবে যে মদ পানি ছাড়াই আঙ্গুর থেকে তৈরি করা হয় সেটিও মদের সিরকার ন্যায়।

আমি (আলবানী) বলছিঃ তিনি যে বলেছেনঃ ’কথাটি সঠিক’, আমার নিকট তার একথা একেবারেই সঠিক নয়। কারণ এ হাদীসের বাহ্যিকতা মদকে (বৈধ) পানীয় হিসেবে এবং তাকে সিরকাতে রূপান্তরিত করাকে স্বীকৃতি প্রদান করে। কারণ হাদীসের ভাষায় যে বলা হয়েছে তোমাদের মদ এর দ্বারা মুসলিমদের প্রতি ইঙ্গিত করা হয়েছে। এরূপ কথা হতে পারে না (অগ্রহণযোগ্য) এবং এরূপ কথা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে প্রকাশিত হতে পারে না। [কারণ হারাম বস্তু আবার কিভাবে মুসলিমদের হতে পারে]।

বরং মদ থেকে সিরকা তৈরি করা সম্পর্কে যখন তাকে জিজ্ঞেস করা হয়েছিল তখন তিনি বলেনঃ না (করা যাবে না)। এ হাদীসটি ইমাম মুসলিম (১৯৮৩), তিরমিযী (১২৯৪) ও আবু দাউদ বর্ণনা করেছেন।

অন্য এক বর্ণনায় এসেছেঃ কতিপয় ইয়াতীম যখন উত্তরাধিকার সূত্রে মদের মালিক হলো তখন এ মদ সম্পর্কে আবু ত্বলহা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে জিজ্ঞেস করলে তিনি উত্তরে বলেন মদগুলো ফেলে দাও আবু ত্বলহা বললেনঃ সেগুলোকে কি সিরকা বানিয়ে ফেলব না? তিনি বললেনঃ না। [দেখুন "সহীহ আবী দাউদ (৩৬৭৫) ও আহমাদ (১১৭৭৯)]।

অতএব সঠিক সিদ্ধান্ত হচ্ছে এই যে, কোন অবস্থাতেই মদকে সিরকা বানানো জায়েয হবে না। কারণ, আলোচ্য হাদীসটি সহীহ হাদীস বিরোধী।

হাদিসের মান: মুনকার (সহীহ হাদীসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=72078

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন